

শিক্ষা নিয়ে গড়ব দেশ শেখ
হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
এমপিও শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.tmed.gov.bd



নম্বর: ৫৭.০০.০০০০.০৪০.৪০.০০২.২১.৬৯

তারিখ: ১৯ বৈশাখ ১৪২৮

০২ মে ২০২১

অফিস আদেশ

সরকারের ভিশন ২০২১ বাস্তবায়ন; ৮ম পঞ্চবার্ষিকী পরিকল্পনার লক্ষ্য বাস্তবায়ন এবং ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে শিক্ষা সংক্রান্ত ডাটা সংগ্রহ, ডাটা প্রসেসসহ নতুন শিক্ষা প্রতিষ্ঠান এমপিওভুক্তকরণ/শিক্ষক-কর্মচারী এমপিওভুক্তকরণসহ শিক্ষা পরিসংখ্যান সংক্রান্ত তথ্য প্রসেসকরণের লক্ষ্যে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের আওতাধীন কারিগরি শিক্ষা অধিদপ্তরে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান ও শিক্ষক-কর্মচারীর এমপিওভুক্তকরণ, শিক্ষা বিষয়ক ডিজিটাল কনটেন্ট প্রস্তুতকরণ, মোবাইল এ্যাপস্ ভিত্তিক শিক্ষা বিষয়ক সফটওয়্যার প্রস্তুতকরণ এবং শিক্ষাতথ্য পরিসংখ্যান প্রস্তুতকরণের নিমিত্ত কারিগরি শিক্ষা অধিদপ্তরের ক্ষেত্রে নিম্ন বর্ণিত সদস্যদের সমন্বয়ে 'সফটওয়্যার ক্রয় ও ব্যবস্থাপনা বাস্তবায়ন কমিটি' গঠন করা হলো।

'কারিগরি শিক্ষা অধিদপ্তরের ক্ষেত্রে সফটওয়্যার ক্রয় ও ব্যবস্থাপনা বাস্তবায়ন কমিটি:'

| | | |
|---|------------------------------------------------------------------------------------------------------|------------|
| ১ | মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা। | আহ্বায়ক |
| ২ | পরিচালক (এমপিও সংশ্লিষ্ট), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা। | সদস্য |
| ৩ | উপসচিব (এমপিও) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। | সদস্য |
| ৪ | প্রতিনিধি, আই আই টি, ঢাকা বিশ্ববিদ্যালয় (পরিচালক পদমর্যাদার একজন উপযুক্ত কর্মকর্তা) | সদস্য |
| ৫ | প্রতিনিধি, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা (পরিচালক পদমর্যাদার একজন উপযুক্ত কর্মকর্তা) | সদস্য |
| ৬ | প্রোগ্রামার/ভারপ্রাপ্ত কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর আগারগাঁও, ঢাকা। | সদস্য |
| ৭ | উপপরিচালক (এমপিও সংশ্লিষ্ট), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা। | সদস্য সচিব |

৩। কমিটির কার্যপরিধি:

ক) পাবলিক প্রকিউরমেন্ট অ্যাক্ট ২০০৬ ও পাবলিক প্রকিউরমেন্ট রুলস ২০০৮ এবং সংশ্লিষ্ট আর্থিক বিধি-বিধান

অনুসরণপূর্বক সফটওয়্যার ক্রয় সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়ন;

খ) ডাটা সেন্টার রক্ষণাবেক্ষণ, হালনাগাদকরণ এবং সাইবার নিরাপত্তা বিষয়ে কার্যক্রম গ্রহণ;

গ) সফটওয়্যার পরিচালনায় সাইবার নিরাপত্তা নিশ্চিতকরণ।

ঘ) শিক্ষাতথ্য পরিসংখ্যান হালনাগাদকরণ ও মোবাইল এ্যাপস্ ভিত্তিক শিক্ষা বিষয়ক সফটওয়্যার প্রস্তুতকরণের সার্বিক দায়িত্ব পালন।

(ঙ) কমিটি প্রয়োজনে সংশ্লিষ্ট ক্ষেত্রে বিশেষজ্ঞ/টেকনিক্যাল ব্যক্তিকে নির্ধারিত সময়ের জন্য চুক্তিভিত্তিক নিয়োগ করতে পারবে।

৪। গঠিত কমিটি প্রতি মাসের তৃতীয় সপ্তাহে উল্লিখিত বিষয়ে মাসিক প্রতিবেদন এ বিভাগে প্রেরণ করবে।

৫। কমিটি প্রয়োজনে যে কোনো সদস্য কো-অপ্ট করতে পারবে;

৬। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।



২-৫-২০২১

মোহাম্মদ আবদুল আওয়াল

উপসচিব

ফোন: ৯৫৭৫৮০৭

ইমেইল: dsmo72@gmail.com

নম্বর: ৫৭.০০.০০০০.০৪০.৪০.০০২.২১.৬৯/১(১৪)

তারিখ: ১৯ বৈশাখ ১৪২৮
০২ মে ২০২১

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ২) ডিন, ফ্যাকাল্টি অব ইঞ্জিনিয়ারিং টেকনোলজী, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা (একজন উপযুক্ত প্রতিনিধি প্রেরণের অনুরোধসহ)।
- ৩) চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা (একজন উপযুক্ত প্রতিনিধি প্রেরণের অনুরোধসহ)।
- ৪) পরিচালক (এমপিও সংশ্লিষ্ট), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ৫) মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, উপমন্ত্রীর দপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।
- ৬) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।
- ৭) উপসচিব (এমপিও) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৮) সচিবের একান্ত সচিব (উপসচিব), সচিব-এর দপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।
- ৯) সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।
- ১০) প্রোগ্রামার/ভারপ্রাপ্ত কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর আগারগাঁও, ঢাকা।
- ১১) উপপরিচালক (এমপিও সংশ্লিষ্ট), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ১২) ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন ও উন্নয়ন অনুবিভাগ, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।
- ১৩) যুগ্মসচিব (প্রশাসন ও অর্থ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহণ পুল ভবন, ঢাকা।
- ১৪) অফিস, কপি।



২-৫-২০২১

মোহাম্মদ আবদুল আওয়াল

উপসচিব